



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪

তারিখঃ ২১ আষাঢ় ১৪২৮
০৫ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক বহিঃবাংলাদেশ ভ্রমণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৩ মার্চ ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের সাথে সংযুক্ত 'পরিশিষ্ট-ক' পরিমার্জন করা হয়েছে। এ প্রেক্ষিতে, এখন থেকে প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণের অনুমোদন গ্রহণের নিমিত্তে ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত আবেদন পত্রের সাথে পরিমার্জিত 'পরিশিষ্ট-ক' অনুযায়ী তথ্যাবলি দাখিল করতে হবে।

৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জামাল উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৫

ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তাগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী

- ০১। ব্যাংক-কোম্পানীর নাম :
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার নাম :
- ০৩। জাতীয় পরিচয়পত্র নং :
- ০৪। পাসপোর্ট নং :
- ০৫। ভ্রমণের উদ্দেশ্য :
- ০৬। ভ্রমণের প্রস্তাবিত সময় (যাতায়াত সময়সহ) :
- ০৭। পর্ষদের অনুমোদনের তারিখ :
- ০৮। দেশের বাইরে অবস্থানকালীন ঠিকানা :
(একাধিক দেশ হলে প্রত্যেক দেশের নাম,
সম্ভাব্য অবস্থানের মেয়াদ)
- ০৯। সর্বশেষ কখন, কতদিনের জন্য এবং :
কী উদ্দেশ্যে বিদেশ ভ্রমণ করা হয়েছে

প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ